(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী
সাধারণ শাখা
www.rajbari.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.১৮.১২৫.২৪.২৩৭ তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩ / ৩১ আগস্ট ২০২৬

## জরুরি সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এর আলোকে কৃষি মন্ত্রণালয়ের ২৭/০৮/২০২৬ তারিখের ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১ নং স্মারকমূলে জারিকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে রাজবাড়ী জেলার সকল উপজেলার প্রতিটি ইউনিয়ন ও পৌরসভায় ০১ (এক) জন করে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে :

| ক্র. নং | উপজেলা | ইউনিয়ন/পৌরসভা |
|---|---|---|
| ১ | রাজবাড়ী সদর | মিজানপুর, দাদশী, আলীপুর, বরাট, পাঁচুরিয়া, খানখানাপুর, শহীদওহাবপুর, বসন্তপুর, রামকান্তপুর, বানীবহ, মূলঘর, সুলতানপুর, চন্দনী, খানগঞ্জ, রাজবাড়ী পৌরসভা<br>**মোট = ১৫ জন** |
| ২ | পাংশা | মাছপাড়া, কলিমহর, পাট্টা, কসবামাজাইল, বাহাদুরপুর, সরিষা, হাবাসপুর, মৌরাট, বাবুপাড়া, যশাই, পাংশা পৌরসভা<br>**মোট = ১১ জন** |
| ৩ | কালুখালী | মাজবাড়ী, বোয়ালিয়া, মৃগী, সাওরাইল, রতনদিয়া, মদাপুর, কালিকাপুর<br>**মোট = ০৭ জন** |
| ৪ | বালিয়াকান্দি | বালিয়াকান্দি, বহরপুর, নবাবপুর, নারুয়া, জঙ্গল, ইসলামপুর, জামালপুর<br>**মোট = ০৭ জন** |
| ৫ | গোয়ালন্দ | দেবগ্রাম, ছোট ভাকলা, দৌলতদিয়া, উজানচর, গোয়ালন্দ পৌরসভা<br>**মোট = ০৫ জন** |

**শর্তাবলী:**

(ক) 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এর 'পরিশিষ্ট-১' মোতাবেক আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়কপত্র (Cover Letter) সহ জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজবাড়ী বরাবরে আবেদন দাখিল করতে হবে।

(খ) আবেদনকারীকে নির্দিষ্ট ইউনিয়ন/পৌরসভা উল্লেখ পূর্বক 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এ বর্ণিত শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে হবে এবং একই ব্যাক্তি একটি মাত্র ইউনিয়ন/পৌরসভার বিপরীতে আবেদন করতে পারবেন। আবেদনের সাথে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা/ দাখিল করতে হবে:

১. জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;
২. সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;
৩. হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি;
৪. দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা দলিলের/ভাড়ার চুক্তিনামার কপি;
৫. ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;
৬. হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ;
৭. আবেদনকারী কোন বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি নন, এই মর্মে আবেদনের সঙ্গে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।
৮. আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা;
৯. আবেদনকারীর কৃষি উপকরণ-সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে;
১০. আবেদনকারীকে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজবাড়ী বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে;
১১. আবেদনকারীকে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২,০০০/- (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজবাড়ী বরাবর জমা দিতে হবে;

**(গ) যোগ্যতা:**
১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলা/পৌরসভার বাসিন্দা হতে হবে;
২. নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়নে কমপক্ষে ২৫ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ ও বালাইনাশক সংরক্ষণ করা যাবে না;
৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;
৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;
৫. আবেদনকারীর বয়স নূন্যতম ১৮ (আঠারো) বছর হতে হবে;
৬. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে।

**(ঘ) অযোগ্যতা:**
১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;
২. আবেদনকারী কোন বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে বা থাকতে পারবেন না।
৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে অপর কেউ আবেদন করতে বা ডিলার থাকতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**(চ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**
১. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১০/০৯/২০২৬ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত;
২. আবেদনপত্র উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজবাড়ি এর দপ্তরে সরাসরি জমা করতে হবে। অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না;
৩. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(ছ) ডিলার নির্বাচিত হওয়ার পূর্বে অথবা পরে কোনো ডিলার কর্তৃক দাখিলকৃত তথ্য অসত্য/ভুল/জাল প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ডিলারের ডিলারশিপ বাতিল করতে পারবে।

(জ) ডিলার নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩১/০৮/২০২৬

**আফরোজা পারভীন**
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজবাড়ী
ফোন: ০২-৪৭৮৮০৭৫৩৩
ইমেইল: dcrajbari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৩০.৮২০০.০২৩.১৮.১২৫.২৪.২৩৭

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩৩
৩১ আগস্ট ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা।
০৩। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা।
০৬। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর/পাংশা/কালুখালী/বালিয়াকান্দি/গোয়ালন্দ, রাজবাড়ী।
০৮। সহকারী কমিশনার (ভূমি), রাজবাড়ী সদর/পাংশা/কালুখালী/বালিয়াকান্দি/গোয়ালন্দ, রাজবাড়ী।
০৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজবাড়ী (জেলা প্রশাসকের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১০। সম্পাদক,................................ঢাকা।
১১। সম্পাদক.......................................রাজবাড়ী বিজ্ঞপ্তিটি আগামী ০১/০৯/২০২৬ তারিখের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের জন্য প্রকাশ করে বিজ্ঞপ্তির ০৩ (তিন) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১২। অফিস কপি।

৩১/০৮/২০২৬

জেলা প্রশাসক
রাজবাড়ী